



বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-বাশিহই/প্রশাসন/২০২৬/২৯২৩

তারিখঃ ০৮/১০/২০২৬খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটে নিম্নবর্ণিত আবাসিক মেডিকেল অফিসার এর শূন্য পদে নিয়মিত নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রম নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়স	যোগ্যতা ও অভিজ্ঞতা
১	আবাসিক মেডিকেল অফিসার (শিশু মেডিসিন) জাতীয় বেতন স্কেল - (৯ম গ্রেড) টাকা-৪৪০০০-১০৫৯০০/-	৩৫ টি	অনুর্ধ্ব ৩৫ বৎসর	- বিএমডিসি কর্তৃক স্বীকৃত ও নিবন্ধিত মেডিকেল গ্র্যাজুয়েটসহ এমবিবিএস ডিগ্রী। - শিশু মেডিসিন এর উপর ০১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (যা বিএমইউ/বিসিপিএস কর্তৃক স্বীকৃত হতে হবে)।
২	আবাসিক মেডিকেল অফিসার (শিশু সার্জারী) জাতীয় বেতন স্কেল - (৯ম গ্রেড) টাকা-৪৪০০০-১০৫৯০০/-	০৯ টি		- বিএমডিসি কর্তৃক স্বীকৃত ও নিবন্ধিত মেডিকেল গ্র্যাজুয়েটসহ এমবিবিএস ডিগ্রী। - শিশু সার্জারী এর উপর ০১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (যা বিএমইউ/বিসিপিএস কর্তৃক স্বীকৃত হতে হবে)।
৩	আবাসিক মেডিকেল অফিসার (শিশু এনেসথেসিয়া) জাতীয় বেতন স্কেল - (৯ম গ্রেড) টাকা-৪৪০০০-১০৫৯০০/-	০৫ টি		- বিএমডিসি কর্তৃক স্বীকৃত ও নিবন্ধিত মেডিকেল গ্র্যাজুয়েটসহ এমবিবিএস ডিগ্রী। - শিশু এনেসথেসিয়া এর উপর ০১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (যা বিএমইউ/বিসিপিএস কর্তৃক স্বীকৃত হতে হবে)।
৪	আবাসিক মেডিকেল অফিসার (ইএনটি) জাতীয় বেতন স্কেল - (৯ম গ্রেড) টাকা-৪৪০০০-১০৫৯০০/-	০১ টি		- বিএমডিসি কর্তৃক স্বীকৃত ও নিবন্ধিত মেডিকেল গ্র্যাজুয়েটসহ এমবিবিএস ডিগ্রী। - ইএনটি এর উপর ০১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (যা বিএমইউ/বিসিপিএস কর্তৃক স্বীকৃত হতে হবে)।

শর্তাবলীঃ

- আবেদনকারীগণকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- আবেদন ফরম www.bshi.gov.bd হতে ডাউনলোড করতঃ যথাযথভাবে পূরণ করে আগামী ১৭/১০/২০২৬ তারিখের মধ্যে (অফিস সময়সকাল ৯ঃ০০ ঘটিকা হতে বেলা ২ঃ০০ ঘটিকা) সরাসরি/ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর তিকানায় পৌছাতে হবে।
- আবেদন ফরমের সাথে নিম্নলিখিত সনদপত্রসমূহের ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে।
 - সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র ও প্রশিক্ষণের সনদপত্র।
 - সদ্য তোলা ৩ কপি (ল্যাবপ্রিন্ট) পাসপোর্ট সাইজের ছবি।
 - বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক নিবন্ধনকৃত সনদের ফটোকপি।
 - জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধনের ফটোকপি।
 - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশন/পৌরসভার চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
 - চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।
- মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রযোজ্য হবে।
- “মুক্তিযোদ্ধা পোষ্য” প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট গেজেট এবং MIS সংযুক্ত করতে হবে।
- প্রার্থীদের অধিকতর যোগ্যতার (ডিসিএইচ, এমডি, এমএস ও এফসিপিএস) জন্য ০২ (দুই) বছর পর্যন্ত বয়স শিথিলযোগ্য।
- প্রার্থীগণকে পরীক্ষার ফি বাবদ ‘পরিচালক’ বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট এর অনুকূলে ২০০০/- (দুই হাজার) টাকা সমমূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাংলাদেশের যে কোন সিভিলিয়ন ব্যাংক থেকে সংগ্রহ করে তা আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
- খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে। নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ বা মিথ্যা তথ্য সম্বলিত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা নিয়োগ প্রাপ্তির পরেও যদি কোন শর্তাদিতে অসঙ্গতি বা ভুল তথ্য প্রমাণিত হয় তবে নির্বাচন বা নিয়োগ বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

(Signature)
অধ্যাপক (ডঃ) মিজা মোঃ জিয়াউল ইসলাম
পরিচালক
বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট